# জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ১৮.০৭.২০২১ খ্রি.

সময় ঃ বেলাঃ ১০.৩০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরও উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুন ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুন ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জুন ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর ইদের শুভেচ্ছা জানিয়ে বলেন যে, করোনাকালীন সময়ে কৃষকের কোন লকডাউন নেই। তাই কৃষি অফিস খোলা রয়েছে এবং দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, পর্যাপ্ত পরিমান বীজ রয়েছে ফলে ১৭৪১১ হেঃ জমিতে ফসল ফলানো সম্ভব হবে। নির্বিঘ্নে ফসল উৎপাদনে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। ৬০% জনবল সংকট রয়েছে। এর মধ্যে ২/৩ জন করোনায় আক্রান্ত হওয়ায় তারা ৭/১৪ দিন যাবত বাসায় অবস্থান করছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি নির্দেশনা বাস্তবায়নে করোনাকালীন সময়ে লকডাউন চলাকালে কর্মকর্তা-কর্মচারীগণকে কর্মস্থলে অবস্থান করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আসন্ন কোরবানী ইদের জন্য ১৪,০০০টি পশু প্রস্তুত রয়েছে। স্থানীয়ভাবে ৮,০০০টি পশুর চাহিদা রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আগামীতে ব্যাপকভাবে তথ্য অনুসন্ধান করে আরও সঠিক তথ্য উপস্থাপন করার আশাবাদ ব্যক্ত করেন। Online পশু হাটের মাধ্যমে কোরবানীর পশু মেলা হচ্ছে। তিনি কোরবানীর পশু সংক্রান্ত সমস্যা মোকাবেলায় ১টি টিম প্রস্তুত রেখেছেন। তারা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। ভেটেনারী সার্জন না থাকায় LSP-রা কাজ করছে। তাদেরকে কাজ করার জন্য অনুমতি প্রদান করা হলে এ দপ্তরের কাজে আরও গতিশীলতা আসবে বলে তিনি মনে করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, লকডাউনের কারণে সরকারি নির্দেশনা মোতাবেক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে নির্দেশনা না আসায় অন্যান্য কার্যক্রম স্থগিত রয়েছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর জলাশয় সংস্কারের জন্য কোন বরাদ্দ এসেছে কি-না বা প্রস্তাব প্রেরণ করা হয়েছে কি-না তা জানতে চান। এ প্রসঙ্গে উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, কোন বরাদ্দ আসেনি তবে খুব শীঘ্রই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মৎস্য অধিদপ্তরে জলাশয় সংস্কারের বরাদ্দ চেয়ে প্রস্তাব প্রেরণ করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জলাশয় সংস্কারের বরাদ্দ চেয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।<br>২. উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিরামপুরের প্রতিনিধি এজিএম (প্রশাসন) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। কি পরিমান বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা আগামী সভায় জানাবেন। বিদ্যুতের কোন ঘাটতি নেই ফলে লোড সেডিংও নেই। ফলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ প্রদানের চেষ্টা চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কি পরিমান বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা জানানোর জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ বাস্তবতা এবং জনবল ঘাটতির মধ্যেও কাজ সম্পন্ন করতে হচ্ছে। বিগত বছরের GOB Maintenance এর কাজ শেষ করা হচ্ছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজগুলো চলমান রয়েছে। এ ছাড়াও মোল্লাপাড়া ব্রীজের কাজ সমাপ্তির পথে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১ বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১২ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৯৮% শিক্ষার্থী উপবৃত্তির অর্থ উত্তোলন করেছে আর ২% উপবৃত্তি প্রতারক চক্র উত্তোলন করেছে। তালিকা দেখে বলা যাবে কোন কোন শিক্ষার্থী উপবৃত্তির অর্থ উত্তোলন করেছে। উপবৃত্তি না পাওয়া শিক্ষার্থীদের তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠাতে হবে। তারপর ব্যবস্থা নেয়া হবে। ওয়ার্কসীট প্রদান আপাততঃ বন্ধ আছে। যদি নির্দেশনা আসে তবে ২৫ জুলাই ২০২১ থেকে আবার কাজ শুরু হবে। শিক্ষার্থীরা পোষাক ভাতা এখনও পায়নি। আস্তে আস্তে পোষাক ভাতার অর্থ ছাড় করা হবে। শিক্ষকদের টাইমস্কেল এবং চাকরী স্থায়ীকরণ সংক্রান্ত কাজ চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৪ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, আগামী নভেম্বর ২০২১ এর ২য় সপ্তাহে এসএসসি এবং ডিসেম্বর ২০২১ মাসে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সেকারণে আবার এ্যাসাইনমেন্টের কাজ শুরু হয়েছে। Online কার্যক্রম যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরীক্ষা এবং এ্যাসাইনমেন্টের কার্যক্রম নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ছেলে, পুত্রবধু এবং নাতি বয়স্ক/বিধবা ভাতার অর্থ উত্তোলন করা সম্পর্কিত অভিযোগ আসছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ১৭ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। VGD এর বরাদ্দ পাওয়া যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| আলোচনাঃ ১৮ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের এবং সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর ২য় বার করোনায় আক্রান্ত হয়ে চিকিৎসাধীন আছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় অবহিত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. তার দ্রুত আরোগ্য কামনা করা হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর |
| আলোচনাঃ ২০ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ০৪ জনের প্রাতষ্ঠানিক প্রশিক্ষণ চলছে। আবাসিক না হওয়ার কারণে প্রশিক্ষনার্থীদের অর্থ প্রদান করা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর |
| আলোচনাঃ ২১ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | ডাঃ মোছাঃ তাহেরা খাতুন, ভারপ্রাপ্ত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৪<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। |
| আলোচনাঃ ২৬<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর |
| আলোচনাঃ ২৭<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১টি ব্যাচের প্রশিক্ষণ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯<br>আমার বাড়ি আমার খামার প্রকল্প | উপজেলা সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। করোনাকালীন সময়ে ঋণ আদায়ে কোন চাপ নেই। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে,<br>১. ২০১৯-২০ অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন প্রকল্প অনুমোদন পাওয়া গেছে। ২০১৯-২০ অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন প্রকল্প চলতি জুলাই'২১ মাস থেকে শুরু করার সিদ্ধান্ত ছিল। কিন্তু করোনা পরিস্থিতি ভয়াবহ হবার কারণে শুরু করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, প্রশিক্ষণ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কারীকে প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুত করে প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুরের নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করেন।<br>২. পরিচালক (অতিরিক্ত সচিব) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প স্বাক্ষরিত ৩০.০৬.২০২১ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০-৩৩৯৪ নং স্মারকের নির্দেশনানুযায়ী আগামী ৩০.০৯.২০২১ খ্রি. তারিখের মধ্যে ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণ করতে হবে। | ১. ২০১৯-২০ অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন প্রকল্প শুরু করার লক্ষ্যে প্রশিক্ষণ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কারীকে প্রশিক্ষণার্থীর তালিকা প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুরের নিকট জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্দেশনানুযায়ী আগামী ৩০.০৯.২০২১ খ্রি. তারিখের মধ্যে ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ণ ও প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সংশ্লিষ্টদের নির্দেশনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. সংশ্লিষ্ট কোর্স-সমন্বয়কারী।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৩<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |
| আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধানত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৬<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান,· বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, তার ইউনিয়ননের কয়েকজন গৃহহীনকে বুচকিতে গৃহ দেয়া হয়েছে কিন্তু তারা বরাদ্দকৃত গৃহে অবস্থান করছেন না। পরিবর্তন করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর |
| আলোচনাঃ ৪১<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর সভায়বলেন যে, রেলগেট এবং রেলগেট সংলগ্ন রাস্তাটি প্রশস্ত না হওয়ার কারণে প্রায় যানযট লেগে থাকে। যানযট নিরসনে রেলগেট ও তৎসংলগ্ন রাস্তাটি প্রশস্ত করা প্রয়োজন। বিষয়টি তিনি জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করবেন মর্মে উল্লেখ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ জানান।<br><br>তিনি আরও জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬ তার নির্বাচনী এলাকায় শতভাগ ভাতাভোগী করার উদ্যোগ গ্রহণ করেছেন। এ উদ্যোগ গ্রহণ করায় মাননীয় জাতীয় সংসদ সদস্যকে এ সভার মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করেন। সে সাথে তিনি শতভাগে উন্নীতকরণের উদ্যোগকে সফল বাস্তবায়নের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুরকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সকলে মিলে করোনাকালীন সময়ে ভালভাবে ইদ করা যায় সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১. যানযট নিরসনে রেলগেট ও তৎসংলগ্ন রাস্তাটি প্রশস্ত করার বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>২. সামাজিক নিরাপত্তা ভাতা শতভাগে উন্নীত করায় এ সভার মাধ্যমে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬ কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>ভাইস-চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বিরামপুর সবাইকে ইদের শুভেচ্ছা জানান। | --- | |
| আলোচনাঃ ৪৪<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভায় সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, কিছু উপকারভোগীর বিধবা ও বয়স্ক ভাতা অর্থ তাদের মোবাইলে আসে নাই। ফলে তারা ভাতা পাচ্ছেন না। কি কারণে তারা পাচ্ছেন না তা জানান দরকার। তাদের বই জমা নিয়ে পড়ে আসতে বলা হলেও অদ্যাবধি এ সমস্যার সমাধান হয়নি। তবে এটির জরুরীভিত্তিতে সমাধান হওয়া প্রয়োজন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ বিষয়ে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর<br>২. ২. উপজেলা সমাজসেবা অফিসার বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিবিধ<br>আলোচনাঃ ৪৫ | (ক) উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভনের ফলস সিলিং এর কাজ এবং প্রশাসনিক ভবনের পানির লাইনের সংস্কার/মেরামত কাজ করা প্রয়োজন। এতে ব্যয় হবে প্রায় ১.০০,০০০/- (একলক্ষ) টাকা মাত্র।<br>(ক) প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করেন। প্রস্তাবিত কমিটি নিম্নরূপঃ<br>১. মোঃ নাজির হোসেন, চেয়ারম্যান, কাটলা ইউপি, -সভাপতি<br>২. মোছাঃ হাসিনা বেগম, সদস্য, মুকুন্দপুর ইউপি-সেক্রেটারী<br>৩. মোছাঃ আরজু হান্না, সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি-সদস্য<br>৪. মোঃ মোস্তাফিজুর রহমান, সদস্য, বিনাইল ইউপি-সদস্য<br>৫. মোঃ শহিদুল ইসলাম, সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি-সদস্য | (ক) প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ও প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>২. প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| | (খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, চেয়াম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, বিরামপুরের অফিস সহায়কের শূন্য পদে নিয়োগের জন্য বিধি মোতাবেক ৩টি পত্রকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পত্রিকার বিল পাওয়া গেছে। উক্ত বিলগুলো পরিশোধের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | (খ) ৩টি পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও<br>উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর। |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জুন/২০২১ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের জুন ২০২১ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের আগস্ট ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণভাতা প্রদান। (৫৫,০০০+৩৩,০০০+৩৩,০০০)=১,২১,০০০/- টাকা। | =১,২১,০০০/- |
| | ১৭টি স্থয়ী কমিটির জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত আপ্যায়ন ভাতা বাবদ প্রদান | ৮৬,৭২৮/- |
| | ১৭টি স্থয়ী কমিটির জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত আপ্যায়ন ভাতার ৭.৫% ভ্যাট জমাকরণ | ৭,১৮৭/- |
| | ১৭টি স্থয়ী কমিটির জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত আপ্যায়ন ভাতার ২% আয়কর জমাকরণ | ১,৯১৬/- |
| ০৪ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের জুন/২০২১ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। ( ১৫,৯৫০+১৫৯৫০=৩১,৯০০) | =৩১,৯০০/- |
| ০৫ | জুন/২০২১ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৬ | জুন/২০২১ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৭ | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও রাজস্ব উদ্বৃত্ত প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্যদরপত্র বিজ্ঞপ্তি নং-১০/২০১৯-২০২০ এর ৩টি পত্রিকার বিল পরিশোধ। | ৫০,১৭৭/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি COVID-19 মোকাবেলায় স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রাখার ও সকলেই মাস্ক ব্যবহার করে নিরাপদে থাকার জন্য তিনি পুনরায় অনুরোধ জানান। আসন্ন ইদ-উল-আজহা উপলক্ষ্যে মানুষ যেন নির্বিঘ্নে চলাচল করতে পারে এবং ইদের দিন কোন দূর্ঘটনা না ঘটে সে বিষয়টি লক্ষ্য রেখে তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ও অফিসার ইনচার্জ, বিরামপুর থানাকে তৎপর /সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করেন।

সভাপতি জনাব মোঃ আমিনুল ইসলামের মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং তিনিসহ যারা করোনায় মৃত্যুবরণ করেছেন তাদের রুহের মাগফেরাত কামনা করেন।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ইদের শুভেচ্ছা জানিয়ে ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খয়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২১.১১৭০/১(৫০) তারিখঃ ২৯.০৭.২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব মোঃ শাহজাহান আলী, সদস্য, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. জনাব মোছাঃ রেবেকা সুলতানা, সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৯. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
১০. উপজেলা............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১১. চেয়ারম্যান, ................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১২. জনাব .............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২৯.৭.২১

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd